

যুগান্তর

প্রিন্ট: ০৬ আগস্ট ২০২৫, ১২:৪১ পিএম


শিক্ষাঙ্গন

আইডিয়ালের নতুন অধ্যক্ষ লায়লা আক্তার



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৪ আগস্ট ২০২৫, ০৯:৪২ পিএম



আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সহকারী অধ্যাপক লায়লা আক্তার। ছবি: সংগৃহীত

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিযুক্ত হয়েছেন শিক্ষা প্রতিষ্ঠানটির কলেজ শাখার রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক লায়লা আক্তার। রোববার (৩ আগস্ট) বিকালে মেয়াদোত্তীর্ণ গভর্নিং বডির অ্যাডহক কমিটির সভায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ ফেরদাউসকে অপসারণ করে তাকে পূর্বের দায়িত্বে ফেরত নেয়া হয়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানটির অভিভাবক ফোরামের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা মো. জিয়াউল কবির দুলা, বনশ্রী শাখার অভিভাবক ফোরামের সভাপতি মো. আহসান উল্লাহ মানিক, মুগদা শাখার অভিভাবক ফোরামের আহবায়ক আ স ম আলমগীর এক যৌথ বিবৃতিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ লায়লা আক্তারকে অভিনন্দন জানান।

তারা আশাবাদ ব্যক্ত করে বলেন, লায়লা আক্তারের নেতৃত্বে শিক্ষা প্রতিষ্ঠানটির শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদান নিশ্চিত হবে, অনিয়ম দুর্নীতি দূর হবে এবং শিক্ষার সার্বিক উন্নয়ন ঘটবে।